

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১২১

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৯১. যে ব্যক্তি জুমু'আহর সালাতের এক রাক'আত পেলো।

بَابِ مَا جَاءَ فِيمَنْ أَدْرَكَ مِنْ الْجُمُعَةِ رَكْعَةً

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ، أَنْبَأَنَا عُمَرُ بْنُ حَبِيبٍ، عَنِ ابْنِ أَبِي ذِئْبٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي هُرَيْرَةً، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - قَالَ أَبِي سَلَمَةَ، وَسَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةً، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - قَالَ " مَنْ أَدْرَكَ مِنَ الْجُمُعَةِ رَكْعَةً فَلْيُصَلِّ إِلَيْهَا أُخْرَى " .

বাংলা

১/১১২১। আবূ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি জুমুআহর সালাত (নামায/নামাজ)এর এক রাকআত পেলো, সে যেন তার সাথে আরো এক রাকআত মিলায় (পড়ে)।

English

It was narrated from Abu Hurairah that the Prophet (ﷺ) said: "Whoever catches one Rak'ah of Friday, let him add another Rak'ah to it."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: মুওয়াত্ত্বা মালিক ২৩৮

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: ইরওয়াহ ৬২২। উক্ত হাদিসের রাবী উমার বিন হাবীব সম্পর্কে আস-সাজী বলেন, তিনি সিকাহ রাবী থেকে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইবনু আদী বলেন, তার মাঝে দুর্বলতা থাকলেও তার থেকে হাদিস গ্রহন করা যায়। আহমাদ বিন হাম্বল বলেন, আমরা তার থেকে কোন হাদিস বর্ণনা করিনি। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি দুর্বল ও মিথ্যুক। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে মন্তব্য রয়েছে। এ হাদিসের ৬৬ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে দারাকুতনী ১৫ টি, সুনানুল কুবরা ৫ টি, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩ টি ও বাকীগুলো অন্যান্য কিতাবে রয়েছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন